

সকল কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রে প্রবাসী কর্মীদের জন্য হেল্প ডেস্ক স্থাপন


প্রেস বিজ্ঞপ্তি

ঢাকা: ১১ জুলাই ২০২১ (রবিবার)

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী ইমরান আহমদ এমপি'র নির্দেশে সারাদেশে জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো'র আওতাধীন ৬৪ টি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র (টিটিসি) ও ০৬ টি ইনস্টিটিউট অব মেরিন টেকনোলজি (আইএমটি)-তে প্রবাসী কর্মীদের জন্য হেল্প ডেস্ক স্থাপনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

এই হেল্প ডেস্ক থেকে বিদেশ প্রত্যাগত, বিদেশ গমনেচ্ছু এবং বিদেশগামী কর্মীদের প্রয়োজনীয় তথ্য সেবা প্রদান করা হবে।

টিটিসি ও আইএমটি সমূহের যোগাযোগের ঠিকানা ও প্রয়োজনীয় ফোন নম্বর জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি)'র ওয়েবসাইটে (www.bmet.gov.bd) এবং সংশ্লিষ্ট টিটিসি ও আইএমটি'র ওয়েবসাইটে পাওয়া যাবে।



১১.০৭.২০২১

মোহাম্মদ রাশেদুজ্জামান

মন্ত্রীর সহকারী একান্ত সচিব

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়